দৈনিক বাংলা

তারিখ ২২/৪/৭৮

পৃষ্ঠা ১ কলাম ৪

196

# শিক্ষক হত্যার দায়ে ৫ জনের যাবজ্জীবন কারাদন্ড


এক নম্বর বিশেষ সামরিক আদালত ১৯৭৬ সালে ঢাকা জেলার মনোহরদী থানার একজন স্কুল শিক্ষককে হত্যার দায়ে সোমবার পাঁচজনকে যাবজ্জীবন কারাদন্ড দিয়েছেন।

সাজাপ্রাপ্ত ব্যক্তিরা হচ্ছেঃ শফু ওরফে শফিরউদ্দীন, ফজলুর রহমান ও ফজু, এ রশিদ ভুইয়া (সার্জেন্ট), চাঁন মিয়া এবং জালালউদ্দীন ওরফে সুরুজ।

বাসসর খবরে প্রকাশ, আদালত শামসুল ইসলাম ও সুরুজকে বেকসুর খালাস দিয়েছেন।

অপর এক মামলায় অভিযুক্ত শামসুল ইসলাম পিতা যশবর আলী, জোসেফ লরেন্স এবং আসামী শফু ওরফে শফিরউদ্দীন, চাঁন মিয়া ও এ রশিদ ভুইয়া (সার্জেন্ট)কে বেকসুর খালাস দেওয়া হয়।

মামলার বিবরণে প্রকাশ, অভিযুক্ত শফু ওরফে শফিরউদ্দীন ১৯৭৬ সালের ২৬শে ফেব্রুয়ারী ঢাকা জেলার মনোহরদী থানাধীন খিদিরপুর বাজার থেকে আবদুর রশিদ (তারা মাস্টার)কে প্রলুব্ধ করে নিয়ে যায়।



আবদুর রশীদ

২৮শে ফেব্রুয়ারী স্থানীয় জনসাধারণ অভিযুক্ত শফু ওরফে শফিরউদ্দীনকে পাকড়াও করে। সে তাদের কাছে স্বীকারোক্তি করে ও পরে পুলিশের কাছে আরো বিবৃতি দেয়।

তার জবানবন্দী অনুযায়ী পুলিশ ও স্থানীয় জনসাধারণ আড়িয়ল খাঁ নদীর তলদেশ থেকে নিহত আবদুর রশিদ (তারা মাস্টার)-এর মস্তকবিহীন বস্তাবন্দী লাশ উদ্ধার করে।